

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৮৫৭

বিলোনীয়া, ২৮ নভেম্বর, ২০২৩

### ভারতচন্দ্রনগর ব্লক ভিত্তিক যুব উৎসব

ভারতচন্দ্রনগর ব্লকভিত্তিক যুব উৎসব সম্প্রতি ভারতচন্দ্রনগর ব্লক মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এই যুব উৎসবের উদ্বোধন করে ভারতচন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুতুল পাল বিশ্বাস বলেন, যুবক যুবতীদের প্রতিভা বিকাশে যুব উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভারতচন্দ্র নগর ব্লকের বিডিও ড. সারথ নায়েক, বিলোনীয়ার বিদ্যালয় পরিদর্শক বিমল দাস প্রমুখ। যুব উৎসবের বিভিন্ন বিভাগে মোট ৭১ জন যুবক ও যুবতী অংশগ্রহণ করে।

\*\*\*\*\*